

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৬৩১

কুমারঘাট, ১০ নভেম্বর, ২০২৩

বিকশিত ভারত সংকল্প যাত্রা

কুমারঘাটে প্রস্তুতি সভা

বিকশিত ভারত সংকল্প যাত্রা কর্মসূচি নিয়ে আজ কুমারঘাট পঞ্চায়েত সমিতি হলে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। তাছাড়াও দ্বিতীয় পর্যায়ের প্রতি ঘরে সুশাসন অভিযান নিয়ে অনুষ্ঠিত হয় বিকাশ সভা। সভায় উপস্থিত ছিলেন কুমারঘাট পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সুমতি দাস, ভাইস চেয়ারম্যান মিলনকান্তি দে, কুমারঘাট বিএসি'র চেয়ারম্যান তপনজয় রিয়াং, বিডিও ডা. সুদীপ ভৌমিক, ত্রিস্তর পঞ্চায়েতের জনপ্রতিনিধিগণ ও বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। সভায় বিডিও জানান, আগামী ১৫ নভেম্বর থেকে কুমারঘাট ব্লকে বিকশিত ভারত সংকল্প যাত্রা ও দ্বিতীয় পর্যায়ের প্রতি ঘরে সুশাসন অভিযান শুরু হবে। এই দুটি অভিযানে কেন্দ্র ও রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্প ও পরিষেবার সুযোগ জনসাধারণের কাছে পৌঁছে দিতে উদ্যোগ নেওয়া হয়েছে। বিডিও জানান, প্রতি ঘরে সুশাসন অভিযানে বিকাশ সভা ও সুশাসন শিবির অনুষ্ঠিত হবে।
